

তারিখ: ০৯/১০/২০২৩ খ্রি.

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের জন্য পরীক্ষার্থীকে আগামী ২৬/১০/২০২৩ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ গিয়ে Apply to online form fillup ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে প্রিন্ট কপি সংগ্রহ করার পর যথাস্থানে ছবি ও স্বাক্ষর দিয়ে ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ফরমের প্রিন্টকপি এবং অনলাইনে ফি পরিশোধের PaySlip আগামী ২৫/১০/২০২৩ হতে ২৬/১০/২০২৩ তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে। এছাড়া অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি ম্যানুয়েলি আগামী ১৮/১০/২০২৩ হতে ১৯/১০/২০২৩ তারিখের মধ্যে হিসাব শাখায় জমা দিবে।

১। ফি জমাদানের পদ্ধতি: শুধু নিয়মিত পরীক্ষার্থীকে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে সোনালী বিল পেমেন্ট সিস্টেমের National University Fees মেন্যু থেকে Form Fill-Up Fee ক্লিক করে Degree (Pass) সিলেক্ট করার পর চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে (Reg. No এর ছন্দে ৯ডিজিটের শ্রেণির রোল নম্বর দিতে হবে) নির্ধারিত ফি আগামী ১৫/১০/২০২৩ হতে ২৫/১০/২০২৩ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২। অংশগ্রহণের যোগ্যতা:

- * নিয়মিত: ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- * অনিয়মিত: (i) ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Not Promoted হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
(ii) ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে F গ্রেড পেয়ে ২য় বর্ষে Promoted হয়েছে তারা এ পরীক্ষার F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করবে।
(iii) ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted-C হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক।
(iv) এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪, ২০১৫, ২০১৬ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে উল্লেখিত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যারা ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- * মানোন্নয়ন: যারা ২০২১ সালের ১ম বর্ষ পরীক্ষায় প্রথম বারের মতো অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- * সার্টিফিকেট কোর্স: (i) ২০২২ শিক্ষাবর্ষে সি.সি রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
(ii) ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষে সি.সি রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Not Promoted হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। ফি বিবরণী:

পরীক্ষার্থীর প্রকার (বিএ/বিএসসস/বিবিএস/বিএসসি)	জাতীয় বিশ্ববিদ্যালয় অংশ			কলেজ অংশ		সর্বমোট
	পরীক্ষার ফি	অন্তর্ভুক্তি ফি	ইনকোর্স ফি	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	
নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট	৭ পত্র X ১০০=৭০০/-	--	১০০/-	৪৫০/-	৫০/-	১৩০০/-
অকৃতকার্য	৭ পত্র X ১০০=৭০০/-	৩০০/-	--	৪৫০/-	৫০/-	১৫০০/-
সার্টিফিকেট কোর্স	২ পত্র X ১০০=২০০/-	--	১০০/-	৪৫০/-	৫০/-	৮০০/-
মানোন্নয়ন	১ পত্র X ১০০=১০০/-	৩০০/-	--	৪৫০/-	৫০/-	৯০০/-
	২ পত্র X ১০০=২০০/-	৩০০/-	--	৪৫০/-	৫০/-	১০০০/-

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

০৯/১০/২০২৩

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আস্থায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে আগামী ০৬/১১/২০২৩ তারিখের মধ্যে প্রশ্নপত্র চাহিদা কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। সংরক্ষণ নথি।